দামুড়হুদার হাউলী ইউনিয়নে দ্বিতীয় পর্যায়ে বনজ গাছ বিতরণ

“সবুজ হোক আমাদের পরিবেশ, বাঁচুক আমাদের আগামী প্রজন্ম” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দ্বিতীয় পর্যায়ে ১ হাজার ২০০টির বেশি বনজ গাছ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদ চত্বর থেকে বিভিন্ন ওয়ার্ডের প্রতিনিধিদের হাতে এসব গাছ তুলে দেওয়া হয়।

পরিবেশের ভারসাম্য রক্ষা এবং ইউনিয়নের বিভিন্ন গোরস্থান সবুজায়নের লক্ষ্যে গাছগুলো বিতরণ করা হয়। গাছের পাশাপাশি চারা সংরক্ষণ ও রোপণের সুবিধার্থে বাঁশের খুঁটি এবং প্লাস্টিকের টিউব পাইপও বিতরণ করা হয়েছে। হাউলী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের গোরস্থানগুলোতে এসব বনজ গাছ রোপণ করা হবে।

আয়োজকরা জানান, শুধু গাছ বিতরণ করাই নয়, গাছগুলো যাতে সঠিকভাবে বেড়ে ওঠে, সেজন্য রোপণের পর নিয়মিত পরিচর্যার ওপরও গুরুত্ব দেওয়া হচ্ছে। গোরস্থানগুলোতে পরিকল্পিতভাবে বৃক্ষরোপণের মাধ্যমে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা হবে, অন্যদিকে এলাকাগুলোও হয়ে উঠবে সবুজ ও মনোরম।

গাছ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, ইউপি প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, দামুড়হুদা উপজেলা বিএনপির সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, হাউলী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ওয়াহিদুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শাহজামাল ও রিকাত আলীসহ বিভিন্ন গোরস্থানের সভাপতি ও সাধারণ সম্পাদকরা।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনী ইশতেহার “৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ” কর্মসূচি সফল করার লক্ষ্যে হাউলী ইউনিয়ন পরিষদের বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

[redacted]

[redacted]